সংসদ সদস্য হিসেবে শপথ নিলেন চুয়াডাঙ্গা দুটি আসনের এমপিরা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে এলাকা ৭৯ চুয়াডাঙ্গা -১ আসনের আওয়ামী লীগের নবনির্বাচিত টানা চারচার বারের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি ও বর্ষীয়ান রাজনীতিবিদ আওয়ামী লীগের মনোনীত নৌকার প্রতিকে বিজয়ী প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন ও ৮০ চুয়াডাঙ্গা-২ সংসদীয় আসনের হাজী আলী আজগর টগর।

আজ বুধবার সকাল ১০টার সময় সংসদ ভবনের শপথকক্ষে এ শপথ অনুষ্ঠিত হয়।এ সময় নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ বাক্য পাঠ করান জাতীয় সংসদের স্পিকার ড. শিরিন শারমিন চৌধুরী।

গত ৭ জানুয়ারি ২৯৯ আসনের নির্বাচন অনুষ্ঠিত হলেও ২৯৮ আসনের ফল বেসরকারিভাবে ঘোষণা করে ইসি। এর মধ্যে আওয়ামী লীগ ২২২, জাতীয় পার্টি ১১ এবং ওয়ার্কার্স পার্টি, জাসদ ও কল্যাণ পার্টি একটি করে আসনে নির্বাচিত হয়েছে। এ ছাড়া স্বতন্ত্র প্রার্থীরা জেতেন ৬২টি আসনে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ জয় পেয়ে টানা চারবারের মতো সরকার গঠন করে।

৭৯ চুয়াডাঙ্গা ১ সংসদীয় আসনে নির্বাচিত হন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন তিনি মোট ৯৬ হাজার ২শত ৬৬ ভোট পেয়ে বিজয়ী হন।এ নির্বাচনে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী দিলীপ কুমার আগরওয়ালা ঈগল প্রতীকে ৭২ হাজার ৭ শত ৬৮ ভোট পান।

৮০ চুয়াডাঙ্গা ২ সংসদীয় আসনে নির্বাচিত হন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হাজী মোঃ আলী আজগার টগর তিনি মোট ১ লাখ ৭ হাজার ৫৯ ভোট পেয়ে বিপুল ভোটে বিজয়ী হন।এ নির্বাচনে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী আবু হাশেম রেজা ট্রাক প্রতীকে ৬০ হাজার ৮৩৪ ভোট পেয়েছিলেন।

গত ৭ জানুয়ারি রাতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বেসরকারিভাবে এ ফলাফল ঘোষণা করেন চুয়াডাঙ্গা-১ ও চুয়াডাঙ্গা-২ আসনের রিটার্নিং অফিসার জেলা প্রশাসক ড কিসিঞ্জার চাকমা।